# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫০

তারিখ: ১২ অক্টোবর ২০২৩ / ২৭ আশ্বিন ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**আগামী ১৫ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে ১০:০১ ঘটিকা পর্যন্ত**
**"১ মিনিট শব্দহীন" কর্মসূচি পালন প্রসঙ্গে।**

বাংলাদেশে সাম্প্রতিক সময়ে যানবাহনের অতিমাত্রায় সাধারণ ও ১০০ ডেসিবেলের উর্ধ্বমাত্রার হর্নের ব্যবহার, যানবাহনে ব্যবহৃত যন্ত্রাংশ, বিভিন্ন প্রচারণা, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, ধর্মীয় উৎসব ইত্যাদিতে উচ্চস্বরে ব্যবহৃত সাউন্ড সিস্টেম/মাইক, নির্মাণ কাজে ব্যবহৃত যন্ত্রপাতি/উপকরণের উচ্চ শব্দের কারণে শব্দদূষণের মাত্রা বৃদ্ধি পাচ্ছে। অতিমাত্রায় শব্দদূষণের ফলে মানুষের বহুমাত্রিক স্বাস্থ্য ঝুঁকি তৈরি হচ্ছে। এর ফলে দেশের মানব সম্পদের উপর এবং সামগ্রিকভাবে অর্থনীতি তথা প্রবৃদ্ধির উপর নেতিবাচক প্রভাব পড়ছে।

২। বর্ণিত প্রেক্ষাপটে আগামী ১৫ অক্টোবর ২০২৩ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে ১০:০১ ঘটিকা পর্যন্ত সময়ে ব্যাংকের সকল দাপ্তরিক ও কর্মকর্তাদের ব্যক্তিগত গাড়িচালকগণকে তাদের যানবাহনে হর্ন বাজানো থেকে বিরত থাকার বিষয়ে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের "১ মিনিট শব্দহীন" কর্মসূচিকে সফল করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২